



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোদি/পনি/পরী-জেএসসি/২০১৯/৩১১৮(৩৬০০)

তারিখ : ২৩/০৭/২০১৯ খ্রিঃ

## ২০১৯ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষার সময়সূচি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর অধীন ২০১৯ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

বিষয় পরীক্ষা শুরু সময় সকাল ১০টা	বিষয় কোড	তারিখ ও দিন
১। বাংলা	১০১	০২/১১/২০১৯ শনিবার
১। ইংরেজি	১০৭	০৪/১১/২০১৯ সোমবার
১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১৫৪	০৫/১১/২০১৯ মঙ্গলবার
১। ইসলাম ও নৈতিক শিক্ষা ২। হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা ৩। বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা ৪। খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা	১১১ ১১২ ১১৩ ১১৪	০৬/১১/২০১৯ বুধবার
১। বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	১৫০	০৭/১১/২০১৯ বৃহস্পতিবার
১। গণিত	১০৯	০৯/১১/২০১৯ শনিবার
১। বিজ্ঞান	১২৭	১১/১১/২০১৯ সোমবার

### বিশেষ নির্দেশাবলী

- ১। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
- ২। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- ৩। সৃজনশীল ও বহুনির্বাচনী পরীক্ষায় একই উত্তরপত্র ব্যবহার করতে হবে।
- ৪। শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা, চারু ও কারুকলা, কৃষি শিক্ষা, গার্হস্থ্য বিজ্ঞান, আরবি, সংস্কৃত, পালি বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রে সরবরাহ করবে। পরীক্ষার্থীর রোল নম্বর পাওয়ার পর সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষা চলাকালীন শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে Online-এর মাধ্যমে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবে।
- ৫। পরীক্ষার্থীগণ তাদের প্রশ্নপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সংগ্রহ করবে।
- ৬। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্রে ভাঁজ করা যাবে না।
- ৭। পরীক্ষার্থীকে প্রত্যেক বিষয়ে স্বাক্ষরলিপিতে অবশ্যই স্বাক্ষর করতে হবে।
- ৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবলমাত্র নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ৯। পরীক্ষার্থীগণ পরীক্ষায় fx82, fx100, fx570, fx991 সাইটফিক অথবা সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।
- ১০। পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন সঙ্গে রাখা যাবে না। শুধুমাত্র কেন্দ্রে সচিব একটি কি-প্যাড মোবাইল ফোন (এনড্রয়েড ব্যতীত) পরীক্ষা সংক্রান্ত কাজে ব্যবহার করার জন্য সঙ্গে রাখতে পারবেন। কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে পারবে না।



প্রফেসর মোঃ তোফাচ্ছুর রহমান  
পরীক্ষা নিয়ন্ত্রক


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর  
ফোনঃ ০৫৩১-৫১৮৮১ (অফিস)

স্মারক নং : মাউশিবোদি/পনি/পরী-জেএসসি/২০১৯/৩১১৮(৩৬০০)

তারিখ : ২৩/০৭/২০১৯ খ্রিঃ

অনুলিপি : অবগতি ও জ্ঞাতার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০২। অত্র শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০৪। কেন্দ্র সচিব, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেএসসি পরীক্ষা কেন্দ্র। (তার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে বিজ্ঞপ্তি অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।)
- ০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০৭। Website Copy।



মোঃ রেজাউল কারিম চৌধুরী  
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর  
ফোনঃ ০৫৩১-৫১৯৯২ (অফিস)